# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
## শিক্ষা মন্ত্রণালয়
## আইনসেল
www.moedu.gov.bd

নং-৩৭.০৩১.০০৪.০২.০০.১৩৪.২০১০-৪৫১ তারিখঃ ২৫ শ্রাবণ ১৪১৭ বঃ / ০৯ আগস্ট ২০১০ খ্রিঃ

# পরিপত্র

**বিষয়ঃ শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত ছাত্র/ছাত্রীদেরকে শারীরিক শাস্তি প্রদান বন্ধকরণ প্রসঙ্গে।**

লক্ষ্য করা গিয়েছে যে, সরকারি-বেসরকারি কোন কোন শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্র/ছাত্রীদেরকে শিক্ষক/শিক্ষিকাগণ কর্তৃক প্রাতিষ্ঠানিক নিয়ম শৃঙ্খলা ও পাঠ শিক্ষণে অবহেলা বা অন্যবিধ কারণে অমানবিক ও নির্মম শারীরিক শাস্তি প্রদান করা হচ্ছে। সংবাদ মাধ্যমে এ ধরণের সংবাদ প্রায়শঃই প্রকাশিত হতে দেখা যায়।

ছাত্র/ছাত্রীদের সু-শিক্ষার দ্বারা শারীরিক ও মানসিক বিকাশ ঘটানো, প্রয়োজনীয় জ্ঞান ও দক্ষতা অর্জনের মাধ্যমে যোগ্য নাগরিক হিসাবে গড়ে উঠতে সহায়তা করা একজন শিক্ষকের দায়িত্ব। শারীরিক শাস্তি প্রদানে শিক্ষার্থীর বিকাশ ক্ষতিগ্রস্ত হয়। এর ফলে কাংখিত শিখন ফল অর্জন করা সম্ভব নয়। শারীরিক শাস্তি প্রদান এ কারণে সম্পূর্ণ অনভিপ্রেত।

শিক্ষা প্রতিষ্ঠানে শারীরিক শাস্তি প্রদান অবিলম্বে বন্ধ করার ব্যবস্থা গ্রহণ অত্যন্ত জরুরি বলে বিবেচিত হওয়ায় এ লক্ষ্যে নিম্নরূপ নির্দেশনা জারী করা হলো:

০৭. শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষর্থীদেরকে শারীরিক শাস্তি প্রদান সম্পূর্ণরূপে নিষিদ্ধ করা হল;

০৮. শারীরিক শাস্তি প্রদান অসদাচরণ হিসেবে গণ্য করা হবে;

০৯. জেলা শিক্ষা অফিসার এবং উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারগণ শারীরিক শাস্তি প্রদান বন্ধ করার জন্য কার্যকর ব্যবস্থা নেবেন; শারীরিক শাস্তি প্রদানকারীগণের বিরুদ্ধে বাংলাদেশ দন্ডবিধি, ১৮৬০, ১৯৭৪ সালের শিশু আইন এবং ক্ষেত্রমতে বিভাগীয় ব্যবস্থা গ্রহণের উদ্যোগ গ্রহণ করবেন;

১০. শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণ নিজ নিজ প্রতিষ্ঠানে শারীরিক শাস্তি প্রদান বন্ধের বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন;

১১. বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটি নিজ নিজ প্রতিষ্ঠানে শারীরিক শাস্তি প্রদানকারী শিক্ষকগণকে চিহ্নিত করে বিধি মোতাবেক প্রতিকার মূলক ব্যবস্থা গ্রহণ করবে;

১২. শিক্ষা মন্ত্রণালয়ের অধীন দপ্তর, অধিদপ্তর ও শিক্ষা বোর্ডসমূহের পরিদর্শকগণ শিক্ষা প্রতিষ্ঠানসমূহ পরিদর্শনকালে শারীরিক শাস্তি প্রদানের বিষয়টি পর্যবেক্ষণ করবেন এবং এ বিষয়ে পরিদর্শন প্রতিবেদনে উল্লেখ করবেন।

স্বাঃ/- ০৯/৮/২০১০
(সৈয়দ আতাউর রহমান)
সচিব

**বিতরণঃ**

সদয় কার্যার্থেঃ

১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা (তাঁকে সকল শিক্ষা প্রতিষ্ঠানে বিষয়টি অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)
২। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা
৩। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/কুমিল্লা/যশোর/সিলেট/বরিশাল/দিনাজপুর
৪। চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড/বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা
৫। জেলা প্রশাসক----------- (সকল)
৬। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/কুমিল্লা/ময়মনসিংহ/খুলনা/সিলেট/বরিশাল/রংপুর

৭। জেলা শিক্ষা অফিসার------------- (সকল)
৮। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (তাঁকে ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৯। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার------------- (সকল)

**নং-৩৭.০৩১.০০৪.০২.০০.১৩৪.২০১০-৪৫১/১০(৩)** **তারিখঃ ২৫ শ্রাবণ ১৪১৭ বঃ / ০৯ আগস্ট ২০১০ খ্রিঃ**

অনুলিপিঃ

সদয় জ্ঞাতার্থেঃ

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা

(মুহাম্মদ নজরুল ইসলাম)
আইন কর্মকর্তা (উপ-সচিব)
ফোনঃ ৯৫৬৩৫১৬